

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫১

আগরতলা, ৫ জুন, ২০২৪

বিশ্ব পরিবেশ দিবস  
আগরতলায় শোভাযাত্রা



ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে এবং বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের উদ্যোগে আজ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। এককালীন ব্যবহারযোগ্য প্লাস্টিক দ্রব্য বর্জনের উপর সচেতনতা বাড়াতে আজ সকালে এক শোভাযাত্রা আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রী এবং স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যগণ এই শোভাযাত্রায় অংশ নেয়। তাছাড়াও বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে আগরতলার সুকান্ত একাডেমিতে সকালে আয়োজন করা হয় বসে আঁকো প্রতিযোগিতার। প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমার, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব ড. বিশু কর্মকার, স্টেট এনভায়রনমেন্ট ইমপেন্ট অ্যাসেসমেন্ট অথরিটির চেয়ারম্যান ড. জওহরলাল সাহা প্রমুখ। এই অনুষ্ঠানে ইআইএসিপি হাব'র নিউজ লেটার এবং বিভিন্ন ইকো ক্লাবের কর্মসূচি নিয়ে নিউজ লেটার 'ইকো বাতা' আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে এদিন হাঁপানিয়ায় রিকেইমড সলিড অয়েস্ট ডান্সিং সাইটে বৃক্ষরোপণ করা হয়। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*